15

দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG 1 3 1998
পৃষ্ঠা ৩ কলাম ৩ ...

# বাউবি'র এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামের ১৯৯৫ ও ১৯৯৬ ব্যাচের চূড়ান্ত পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এই পরীক্ষায় ৭৬৫৮ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। এর মধ্যে ৩৪১৫ জন পাস করেছে। পাসের হার শতকরা ৪৪.৫৯%। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ১১০০ জন প্রথম বিভাগ, ২২৮০ জন দ্বিতীয় বিভাগ এবং ৩৫ জন তৃতীয় বিভাগ পেয়েছে।

চাঁদপুরের নাছির কোর্ট হাই স্কুল টিউটোরিয়াল কেন্দ্রের তাহমিনা আক্তার শিক্ষার্থী নং-৯৬-০-১০-৭০৬-০০৮ প্রথম (প্রাপ্ত নম্বর ৮০১), মংলা বন্দর সেকেন্ডারী স্কুল টিউটোরিয়াল কেন্দ্রের মিনতী চন্দ শিক্ষার্থী নং-৯৬-০-১০-৪৯১-০১২ দ্বিতীয় (প্রাপ্ত নম্বর ৭৯০) এবং রায়পুর পাইলট উচ্চ বিদ্যালয় টিউটোরিয়াল কেন্দ্রের আসমাউল হুসনা শিক্ষার্থী নং-৯৬-০-১০-৭৪৫-০০১ তৃতীয় (প্রাপ্ত নম্বর ৭৮০) স্থান অধিকার করেছে।

ফল জানার জন্য পরীক্ষার্থীদেরকে নিজ নিজ আঞ্চলিক কেন্দ্রের সাথে যোগাযোগ করতে বলা হয়েছে। একই সাথে ১৯৯৫ হতে '৯৮ সাল পর্যন্ত ভর্তিকৃত শিক্ষার্থীদের ১ম বর্ষের পরীক্ষার ফলও প্রকাশ করা হয়েছে।

বাউবি'র গাজীপুর ক্যাম্পাস, সংবাদপত্র অফিস, রেডিও-টেলিভিশন বা শিক্ষামন্ত্রণালয় থেকে এই পরীক্ষার ফল জানা যাবে না।